

Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 30 March, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) কেন্দ্রীয় মসজিদে পবিত্র ঈদুল ফিতরের একমাত্র জামাত সকাল ৭টা ৪৫ মিনিটে অনুষ্ঠিত হবে।

রবিবার (৩০ মার্চ) মুঠোফোনে বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের পেশ ইমাম মাওলানা খলিলুর রহমান।

এর আগে, গত শুক্রবার (২৮ মার্চ) জুম'আর নামাজে ঈদুল ফিতরের জামাতের ব্যাপারে আলোচনা হয়। সেদিনই আলোচনা করে সকাল ৭.৪৫ এ সময় নির্ধারণ করা হয়।

ইমাম মাওলানা খলিলুর রহমান বলেন, 'ইনশাআল্লাহ বরাবরের ন্যায় এবারেরও ঈদুল ফিতরের জামাত আমাদের সেন্ট্রাল মসজিদে অনুষ্ঠিত হবে। ৭.৪৫ এ জামাত অনুষ্ঠিত হবে।

এছাড়া, ঈদুল ফিতরের দিন বিজয়-২৪ হলে অবস্থানরত আবাসিক শিক্ষার্থীদের জন্য বিশেষ খাবারের ব্যবস্থা করেছে হল কর্তৃপক্ষ।

ঈদুল ফিতর ঈদের জামাত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:07

URL: <https://timestodaybd.com/campus/775807207>